

স্মারক নং-বিএনএমসি/প্রশা-১২৬/২০২০-০২(৫০০)

তারিখঃ ০১ জানুয়ারি ২০২০খ্রিঃ

বিষয়ঃ নার্সিং ও মিডওয়াইফারি কোর্সে ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীর নিবন্ধন (Student Registration) প্রসঙ্গে।


সূত্রঃ (১) নীতিমালা স্মারক নং-বিএনএমসি/প্রশা-৪৩(অংশ-৩)/২০১৯-৬৮৮, তারিখঃ ২২ অক্টোবর ২০১৯ খ্রিঃ।

(২) বাংলাদেশ গেজেট, অতিরিক্ত সংখ্যা, বিজি প্রেস কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত ১০ ডিসেম্বর ২০১৯ খ্রিঃ।

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল আইন-২০১৬ এর ধারা ৫ (ঙ) অনুসারে প্রণীত, অনুমোদিত এবং সরকারি গেজেটের মাধ্যমে প্রকাশিত নিয়ম ও শর্তাবলী সম্বলিত “নার্সিং ও মিডওয়াইফারি কোর্সে ভর্তি নীতিমালা-২০১৯” মোতাবেক সরকারি ও বেসরকারি পর্যায়ে অভিন্ন পদ্ধতিতে ভর্তি বিজ্ঞপ্তি নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর কর্তৃক জারি করা হয়। নীতিমালায় বর্ণিত নিয়মাবলী অনুসরণে আবেদনকৃত প্রার্থীদের ২০-১২-২০১৯ খ্রিঃ অনুষ্ঠিত Admission Test (ন্যূনতম প্রাপ্ত নম্বর: ৪০) এ উত্তীর্ণদের মধ্যে ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে ভর্তিকৃত ছাত্র-ছাত্রী নিবন্ধন কার্যক্রম যথাসময়ে সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পাদনের লক্ষ্যে স্ব-স্ব প্রতিষ্ঠান কর্তৃপক্ষকে বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

নিয়মাবলী/শর্তাবলীঃ

১. প্রকাশিত ভর্তি নীতিমালা এবং ভর্তি বিজ্ঞপ্তি মোতাবেক পুরুষ (ছাত্র) অনধিক ১০% (শতকরা দশজন) ভর্তি করার বিধান মোতাবেক সরকারি ও বেসরকারি উভয় প্রতিষ্ঠানে ভর্তি করতে হবে, কেবলমাত্র তাদেরকে শিক্ষার্থী নিবন্ধন প্রদান করা হবে (মহিলা মেডিকেল কলেজ হাসপাতাল সংলগ্ন ব্যতিত) [সূত্র: ভর্তি নীতিমালা ৩.২ এবং বিজ্ঞপ্তি সংক্ষিপ্ত: ক্রম-১৩ ও বিস্তারিত ক্রম- ১৫.গ]।
২. যে শিক্ষার্থী যে কোর্সে ভর্তির জন্য আবেদন করেছে ও ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তাকে সেই কোর্সে যথাযথ প্রমাণ দাখিলের প্রেক্ষিতে ভর্তি করে দলিলাদি সংরক্ষণ করতে হবে [সূত্র: ভর্তি বিজ্ঞপ্তি ১০.গ]।
৩. সরকারি প্রতিষ্ঠানে মেধাতালিকায় শিক্ষার্থী ভর্তির প্রথম ৭ (সাত) দিন ও অপেক্ষমান তালিকায় পরবর্তী ৭ (সাত) দিনের মধ্যে অনলাইনে Data Entry শেষে দাপ্তরিক ও ফি সংক্রান্ত কার্যসম্পাদন করে ৩০-০১-২০২০ খ্রিঃ বৃহস্পতিবার অফিস চলাকালিন সময়ের মধ্যে কাউন্সিলে জমা নিশ্চিত করতে হবে।
৪. বেসরকারি প্রতিষ্ঠানে শিক্ষার্থী ভর্তির অনধিক ১৫ (পনের) দিনের মধ্যে অনলাইনে Data Entry শেষে দাপ্তরিক ও ফি সংক্রান্ত কার্যসম্পাদন করে ২৭-০২-২০২০ খ্রিঃ বৃহস্পতিবার অফিস চলাকালিন সময়ের মধ্যে কাউন্সিলে জমা নিশ্চিত করতে হবে।
৫. সরকার কর্তৃক হালনাগাদ ভর্তি নীতিমালা/বিজ্ঞপ্তির শর্তাবলীর সাথে প্রার্থী প্রদত্ত তথ্যে গড়মিল পাওয়া গেলে শিক্ষার্থী নিবন্ধন প্রদান করা হবে না। ইনস্টিটিউট কর্তৃকপক্ষ এ বিষয়ে সতর্কতার সাথে ভর্তিকার্যক্রম সম্পন্ন করবেন। এ সংক্রান্ত কোন অনিয়ম প্রমাণিত হলে সংশ্লিষ্ট শিক্ষার্থী, প্রতিষ্ঠান ও ব্যক্তির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
৬. ইনস্টিটিউট/কলেজ কর্তৃপক্ষ অনলাইনে স্ব-স্ব প্রতিষ্ঠানের User ID এবং Password (গোপন আইডি) এর মাধ্যমে তাদের ভর্তি ফরম থেকে প্রাপ্ত তথ্য, অধ্যক্ষ ও শিক্ষার্থীর স্বাক্ষর এবং এসএসসি ও এইচএসসির মার্কসীটের মূল কপি স্ক্যান করে আপলোড শেষে Submit দেয়ার পর পূরণকৃত ফরম প্রিন্ট পূর্বক সংরক্ষণ করবেন (একান্ত প্রয়োজনে মার্কসীট বোর্ডে প্রেরণ পূর্বক ভেরিফিকেশন করাতে হবে)।
৭. অনলাইনে পূরণকৃত ফরমের প্রিন্ট কপি শ্রেণী শিক্ষকের (ক্লাস টিচার) তত্ত্বাবধানে শিক্ষার্থীরা মিলিয়ে (সংশোধন করে) স্বাক্ষর পূর্বক অধ্যক্ষের নিকট জমা দিবেন। ফরম পূরণকালে কোন তথ্য/বানান ভুল/অতিরিক্ত হলে তা সংশোধন করে ২৭-০২-২০২০ তারিখের মধ্যে (Edit/correction/Delete করে) জমা দিতে হবে। ফরম জমার পর সংশোধনী/পরিবর্তনের ক্ষেত্রে নির্ধারিত ফি ও নিয়মাবলী প্রযোজ্য হবে।
৮. সকল কোর্সের স্টুডেন্ট রেজিস্ট্রেশন ফি বাবদ জনপ্রতি ৫৫০/- (পাঁচশত পঞ্চাশ) টাকা হারে সকল শিক্ষার্থীর ফি-একত্রে “বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল” এর অনুকূলে একত্রে একটি “অনলাইন জমা স্লিপ” এর মাধ্যমে প্রাইম ব্যাংকের যে কোন শাখায় জমা দিতে হবে। যে জেলায় প্রাইম ব্যাংক নেই সে ক্ষেত্রে “ব্যাংক ড্রাফট/পে-অর্ডার” জমা দিতে হবে। ক্রমিক নং- শিক্ষার্থীর নাম, পিতা ও মাতার নাম, ভর্তি পরীক্ষার রোল ও Test Score:40 (ন্যূনতম প্রাপ্ত নম্বর: ৪০)-সহ পূর্ণাঙ্গ তালিকা এবং টাকা জমার রশিদ অগ্রবর্তী পত্র (Forwarding) দিতে হবে।
৯. অনলাইনে পূরণকৃত ফরমের প্রিন্ট কপি (হার্ডকপি) প্রয়োজনীয় কাগজপত্র (বোর্ডের অনলাইন থেকে ফলাফলের প্রিন্ট কপি), অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত এসএসসি ও এইচএসসি সনদের কপি, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধনের কপি/ ভর্তি পরীক্ষার প্রবেশপত্র/ফলাফলের প্রিন্ট কপি সংযুক্ত করতে হবে।
১০. অনলাইনে ফরম পূরণের (Guideline/নির্দেশিকা) কাউন্সিলের ওয়েবসাইটে দেয়া আছে।
১১. বিএনএমসি হটলাইন নং ০১৫১১-৬৬৫ ৪১৪/ ০১৫১১-৬৬৫ ৪১৫।


০১.০১.২০২০

(রাশিদা আক্তার)

রেজিস্ট্রার (রুটিন দায়িত্ব)

ফোন: ৫৭১৬৪৩২৬, ৯৫৬৪১৫৯

ই-মেইলঃ info@bnmc.gov.bd

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যসম্পাদনের জন্যঃ

১. মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, শেরে বাংলা নগর, ঢাকা।
২. উপসচিব (নার্সিং শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
৩. অধ্যক্ষ/ ইনচার্জ, নার্সিং/মিডওয়াইফারি ইনস্টিটিউট/কলেজ.
৪. হিসাব শাখা, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল।
৫. সহকারী প্রোগ্রামার, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের নির্দেশসহ) আইটি সহায়তা ০২-৯৫৬৪১৫৯, এক্স: ১০৭।
৬. জনাব/ বেগম